

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৬.১৪.০০১.২০.১৬৮

তারিখ: ২৩ কার্তিক ১৪২৮

০৮ নভেম্বর ২০২১

বিষয়: উপজেলা পর্যায়ে এলইডি ডিসপ্লে স্থাপনে সম্মতি এবং সম্ভাব্য স্থান নির্বাচনপূর্বক প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে অনুষ্ঠিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে মিডিয়া, প্রচার ও ডকুমেন্টেশন উপকমিটি কর্তৃক গঠিত ওয়ার্কিং কমিটির ২য় সভার সিদ্ধান্ত মোতাবেক মুজিববর্ষ ২০২০-২১ উপলক্ষ্যে সরকারি-বেসরকারি সংস্থা কর্তৃক গৃহীত উদ্যোগসমূহ, সরকারের বিভিন্ন ডিজিটাল সেবা, সেবা সহজিকরণ বিষয়ক তথ্যাবলি, ডিজিটাল বাংলাদেশ, মহান মুক্তিযুদ্ধ, মেগা প্রকল্পসহ অন্যান্য প্রকল্প সমূহ, মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ উদ্যোগসমূহ, দেশে বিদেশে সরকারের অর্জনসমূহ, জাতীয় আন্তর্জাতিক বিভিন্ন অনুষ্ঠান ও খেলাধুলা, সচেতনতামূলক কনটেন্ট ইত্যাদি প্রান্তিক জনগোষ্ঠীর নিকট পৌছানোর লক্ষ্যে ব্যাপক প্রচার কার্যক্রম সম্পাদনের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক “সারাদেশে ৪৯২টি উপজেলায় এলইডি (LED) ডিসপ্লে স্থাপন” শীর্ষক একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। বর্তমানে প্রকল্পটি অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। ইতোমধ্যে উক্ত প্রকল্পের সম্ভাব্যতা যাচাই সম্পন্ন হয়েছে এবং সম্ভাব্যতা যাচাইকালে জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দের কাছ থেকে এই প্রকল্পের উপযোগিতা আছে মর্মে মতামত পাওয়া গিয়েছে।

২। সে প্রেক্ষিতে, প্রতিটি উপজেলায় উপজেলা পরিষদ সংলগ্ন উপযুক্ত স্থানে (উন্মুক্ত মাঠের পাশে বা খোলা জায়গায় অথবা বাজারের পাশে যেখানে জনসমাগম হতে পারে এমন স্থান) এলইডি ডিসপ্লে স্থাপনের জন্য সংশ্লিষ্ট উপজেলা প্রশাসনের সম্মতি প্রয়োজন।

৩। এমতাবস্থায়, আপনার উপজেলায় ১৬ ফুট প্রস্থের এবং ৮.৫ ফুট উচ্চতার একটি এলইডি ডিসপ্লে বোর্ড স্থাপনের সম্মতিপত্র এবং একটি সম্ভাব্য স্থান নির্বাচনপূর্বক প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ’ল।



৮-১১-২০২১

ড. ভেনিসা রড্রিক্স
পরিচালক

উপজেলা নির্বাহী অফিসার (সকল)

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৬.১৪.০০১.২০.১৬৮/১(৫৭৯)

তারিখ: ২৩ কার্তিক ১৪২৮

০৮ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) জেলা প্রশাসক (সকল)

২) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩) প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

৪) সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

৫) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)



৮-১১-২০২১

ড. ভেনিসা রড্রিক্স
পরিচালক